

কেন্দ্রিক সংবাদ

৪/৯/২০০০

তারিখ ... ..  
স্থান ... ..

## ১৭ই সেপ্টেম্বর পল্টন ময়দানে শিক্ষক সমাবেশ

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির আহ্বানে বিদ্যালয় ও কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের চাকরি জাতীয়করণের এক দফা দাবিতে আগামী ১৭ই সেপ্টেম্বর বেলা ২টায় ঐতিহাসিক পল্টন ময়দানে বেসরকারি প্রাথমিক শিক্ষক মহাসমাবেশ।

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি দেশের ২৩ হাজার বিদ্যালয়ের ৯২ হাজার শিক্ষক-শিক্ষিকার চাকরি জাতীয়করণের দাবিতে দীর্ঘদিন ধরে রাজপথে আন্দোলন করে আসছে। গত ১০ই সেপ্টেম্বর ২০০০ ওসমানী উদ্যানে শিক্ষক মহাসমাবেশে ৪ দলীয় ঐক্যজোটের পক্ষ থেকে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের চাকরি জাতীয়করণের ঘোষণা প্রদান করা হয়। আরও বলা হয় যে, আগামী সংসদ নির্বাচনে চাকরি জাতীয়করণের অঙ্গীকার নির্বাচনী ইশতেহারে সম্পূর্ণ করা হবে। যে সকল রাজনৈতিক দল চাকরি জাতীয়করণের অঙ্গীকারসহ নির্বাচনী ইশতেহারে অঙ্গীকার ব্যক্ত করেছেন, আগামী ১৭ই সেপ্টেম্বর মহাসমাবেশ থেকে সেই সকল রাজনৈতিক দলের পক্ষে নির্বাচনের কাজে সহযোগিতা প্রদান করার জন্য শিক্ষকদের নির্দেশ প্রদান করা হবে।

গতকাল সোমবার সমিতির সভাপতি মো. শামসুল আলমের সভাপতিত্বে নির্বাহী কমিটির সভায় সর্ব সম্মতিক্রমে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় উপস্থিত ছিলেন সমিতির মহাসচিব, আলহাজ্ব আব্দুল আজী শেখ, মুগেন্দ্র মোহন সাহা, জ্যোতিষ মণ্ডল, নূর মোহাম্মদ পাটোয়ারী, রাজিব লোচন সরকার, আবদুস সাত্তার, আমিনুল ইসলাম চৌধুরী, আবদুর রহমান বাচ্চু, মুজিবুর রহমান প্রমুখ নেতা। সংবাদ বিজ্ঞপ্তি।